

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগীয় স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী আড়াইহাজার, নারায়নগঞ্জ।

সভাপতি: বর্ণা রহমান
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়নগঞ্জ।

তারিখ : ২৯/০৬/২০২২ খ্রি. সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, আড়াইহাজার, নারায়নগঞ্জ।

উপস্থিত সদস্যগণের স্বাক্ষর পরিশিষ্ট – ক

অধ্যক্ষার পল্লী উন্নয়ন ও স্থায়ী কমিটির সভার কার্যক্রম শুরু হয় উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব বর্ণা রহমান এর সভাপতিত্বে। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা সমবায় অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। অতঃপর আলোচ্যসূচী মোতাবেক সভা অনুষ্ঠিত হয়।

| ক্রমিক নং- ১: বিগত সভার কার্যবিবরণী: | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন |
|--|---|---|
| আলোচনা ও পর্যালোচনা: সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| আলোচ্য সূচী: ০২: সমবায় সমিতির অডিট অগ্রগতি সংক্রান্ত আলোচনা: আড়াইহাজার উপজেলাধীন সমবায় বিভাগীয় ও পল্লী উন্নয়ন বোর্ড এর আওতায় ০৩টি কেন্দ্রীয় এবং সমবায় বিভাগীয় ১০৯ টি প্রাথমিক সমিতির অডিট ২০২১-২০২২ সনে বরাদ্দ প্রস্তাব করা হয়েছে। সমিতি সমূহ অডিট বরাদ্দ প্রস্তাব পাশ হলে মাসিক নির্ধারিত টার্গেট অনুযায়ী অডিট সম্পাদন বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা সমবায় অফিসারকে এবিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, আড়াইহাজার, নারায়নগঞ্জ। |
| আলোচ্য সূচী: ৩: সমিতিতে পাওনা সরকারী রাজস্ব সংক্রান্ত আলোচনা: অত্র উপজেলাধীন সমবায় বিভাগীয় লাভ জনক প্রাথমিক সমবায় সমিতিতে বিগত বছরের অডিটের উপর অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল ধার্যের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাব মোতাবেক সরকারী রাজস্ব আদায় করে জমা প্রদান সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা সমবায় অফিসারকে এবিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, আড়াইহাজার, নারায়নগঞ্জ। |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে আজকের সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বর্ণা রহমান)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

পল্লী উন্নয়ন ও সমবায় স্থায়ী কমিটি

আড়াইহাজার, নারায়নগঞ্জ।

স্মারক নং- ১২৮

তারিখ: ২৯/০৬/২০২২খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। জনাব আলহাজ্ব নজরুল ইসলাম বাবু, মাননীয় সংসদ সদস্য, নারায়নগঞ্জ-২।
- ০২। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়নগঞ্জ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, আড়াইহাজার, নারায়নগঞ্জ।
- ০৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়নগঞ্জ।
- ০৫। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটের (ইউডিএফ), আড়াইহাজার, নারায়নগঞ্জ।
- ০৬। অফিস নথি।

(নাহিদা নাছরিন)

উপজেলা সমবায় অফিসার

ও

সদস্য সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় স্থায়ী কমিটি

আড়াইহাজার, নারায়নগঞ্জ।